
# স্টেট জুড়ে CityFHEPS-এর সাহায্যে নিউ ইয়র্ক স্টেটে একটি বাড়ি খুঁজুন!

## CityFHEPS হলো একটি ভাড়া সংক্রান্ত সহায়তা প্রোগ্রাম যা আপনার মাসিক ভাড়ার কিছু অংশ পেমেন্ট করে।

**এখন এই প্রোগ্রামটি "স্টেট জুড়ে" ব্যবহার করা যেতে পারে, যার মানে হলো আপনি নিউ ইয়র্ক স্টেটের যেকোনো জায়গায় স্থানান্তরিত হতে পারবেন!**

*আপনি নিউ ইয়র্ক সিটির ঠিক বাইরে স্থানান্তরিত হতে পারেন! মেট্রো-নর্থ এবং লং আইল্যান্ড রেল রোডের মতো গণপরিবহন ব্যবহার করে নিউ ইয়র্ক সিটিতে যাওয়া যায়।*




## প্রোগ্রামটি সম্পর্কে জানুন

### আমি কি CityFHEPS-এর জন্য যোগ্য?

আপনি যদি নিউ ইয়র্ক সিটি সমাজ সেবা বিভাগ (Department of Social Services, DSS) থেকে একটি শপিং লেটার পেয়ে থাকেন, তাহলে আপনি CityFHEPS এর জন্য যোগ্য হতে পারেন! আশ্রয়কেন্দ্রের বাসিন্দাদের কেসওয়ার্কার বা হাউসিং স্পেশালিস্টরা তাদেরকে শপিং লেটার প্রদান করেন।

যদি আপনার শপিং লেটার সম্পর্কে কোনও প্রশ্ন থাকে ***অথবা*** আপনার কাছে শপিং লেটার না থাকে এবং আপনি নিজেকে যোগ্য মনে করেন, তাহলে আপনার কেসওয়ার্কার বা হাউসিং স্পেশালিস্টের সাথে কথা বলুন।

একটি শপিং লেটারে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকে:

- CityFHEPS যে পরিমাণ সম্ভাব্য ভাড়া প্রদান করবে
- আপনার পরিবারের আকার
- আপনি যে ধরণের বাসার জন্য যোগ্য
- আপনি যতগুলি বেডরুমের জন্য যোগ্য তার সংখ্যা
- শপিং লেটারের মেয়াদ শেষ হওয়ার তারিখ (120 দিনের মধ্যে)

### আমার ভাড়ার কতটা আওতাভুক্ত?

CityFHEPS-এর সাহায্যে, ভাড়াটেরা সাধারণত ভাড়া বাবদ তাদের মোট মাসিক আয়ের 30% পেমেন্ট করেন। CityFHEPS সর্বোচ্চ ভাড়ার পরিমাণ পর্যন্ত, বাড়িওয়ালাকে প্রদান করার জন্য ভাড়ার অবশিষ্ট খরচের আওতা দেয়।

স্টেট জুড়ে CityFHEPS-এর জন্য, আওতাভুক্ত ভাড়ার পরিমাণটি নির্ভর করে আপনি নিউ ইয়র্ক স্টেটের কোন কাউন্টিতে স্থানান্তরিত হচ্ছেন তার উপর।

আপনার হাউসিং স্পেশালিস্টরা www.nyc.gov/site/hra/help/cityfheps-documents.page-এ স্টেট জুড়ে কাউন্টি অনুযায়ী CityFHEPS সর্বোচ্চ ভাড়া টুলটি (Statewide CityFHEPS Maximum Rents by County tool) ব্যবহার করে অনুমান করতে পারেন যে আপনি কত পরিমাণ ভাড়া পেতে পারেন।


### আমি কোন ধরণের বাসা ভাড়া নিতে পারি?

CityFHEPS-এর সাহায্যে, আপনি সাধারণত এই ধরনের বাসা ভাড়া নিতে পারেন, যেমন:

- সিঙ্গল ফ্যামিলি ডিট্যাচড
- কম তলবিশিষ্ট ভবন (লো-রাইজ)
- উৎপাদন করা বাড়ি (ম্যানুফ্যাকচার্ড হোম)
- সেমি-ডিট্যাচড এবং রো-হাউস/টাউনহাউস
- লিফট সহ বহুতল ভবন

আপনার হাউসিং স্পেশালিস্ট আপনাকে বুঝতে সাহায্য করতে পারেন যে CityFHEPS-এর জন্য আপনার যোগ্যতা কী এবং সম্ভাব্যভাবে আপনার জন্য একটি হাউসিং ইউনিট সুপারিশ করতে পারেন।

## CityFHEPS কীভাবে কাজ করে




**CityFHEPS-এর সাহায্যে, ভাড়াটেরা সাধারণত ভাড়া বাবদ তাদের মোট মাসিক আয়ের 30% পেমেন্ট করেন।**

**NYC DSS ভাড়ার বাকি খরচ বাড়িওয়ালাকে পেমেন্ট করবে।**

## প্রোগ্রামটির জন্য আবেদন করা

### আমি কীভাবে স্টেট জুড়ে CityFHEPS-এর জন্য আবেদন করব?

1. শপিং লেটার পাওয়ার পর, একটি হাউসিং ইউনিট খুঁজুন! আপনার হাউসিং স্পেশালিস্ট আপনাকে বিকল্পগুলি খুঁজতে সহায়তা করতে পারেন।

2. আপনি একটি হাউসিং ইউনিট খুঁজে পাওয়ার পর, আপনার হাউসিং স্পেশালিস্ট বা কেস ম্যানেজারের সাথে কথা বলুন। তারা আপনার আবেদন জমা দেওয়ার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টগুলি পেতে আপনাকে সহায়তা করবেন।

3. NYC DSS এরপর আপনার ডকুমেন্টগুলি পর্যালোচনা করবে:
   - CityFHEPS-এর জন্য আপনার যোগ্যতা নিশ্চিত করুন
   - আপনার বাসাটি যোগ্য কিনা তা নির্ধারণ করুন

4. আপনার হাউসিং স্পেশালিস্টের সাথে যোগাযোগ রাখুন, তারা আপনাকে এবং বাড়িওয়ালাকে আবেদনটি পূরণ করতে সাহায্য করবেন।

5. আপনি এবং আপনার হাউসিং ইউনিট যদি CityFHEPS এর জন্য যোগ্য হন, তাহলে NYC DSS আপনাকে একটি অনুমোদনের নোটিশ পাঠাবে। এই নোটিশে ব্যাখ্যা করা হবে যে আপনাকে অবশ্যই প্রতি মাসে কত পেমেন্ট করতে হবে এবং NYC DSS প্রতি মাসে কত পেমেন্ট করে।

6. আপনার হাউসিং স্পেশালিস্ট বা কেস ম্যানেজার আপনার জন্য একটি সময়সূচি নির্ধারণ করবেন যাতে আপনি আপনার লিজে স্বাক্ষর করতে এবং চাবি পেতে পারেন।

* ***যদি*** আপনি নিউ ইয়র্ক সিটি থেকে সরকারি সুবিধা পান, তাহলে আপনাকে অবশ্যই আপনার নতুন কাউন্টির সোশ্যাল সার্ভিসেস অফিসে আবেদন করতে হবে।

আপনার কেসওয়ার্কার আপনার স্থানীয় বেনিফিট অফিস খুঁজতে সহায়তা করতে পারেন, অথবা আপনি স্থানীয় বেনিফিটের বিষয়ে সহায়তা, সোশ্যাল সার্ভিসেস খুঁজে পাওয়া এবং আবাসন সম্পর্কিত অন্যান্য সমস্যার জন্য (718) 557-1399 **নম্বরে আউট অফ সিটি হটলাইন** কল করতে পারেন।

### আমাকে যে পরিমাণ পেমেন্ট করতে হবে তা কীভাবে নির্ধারণ করা হয়?

আপনাকে ভাড়ার যে পরিমাণ পেমেন্ট করতে হবে তা বেশ কিছু বিষয়ের দ্বারা নির্ধারিত হয়।

- আপনার পরিবারের আকার
- পরিবারের প্রতিটি সদস্যের আয়
- বেডরুমের সংখ্যা
- ভাড়ার মধ্যে ইউটিলিটি বিল অন্তর্ভুক্ত কিনা
- আপনি নগদ সহায়তা পান কিনা
- হাউসিং ইউনিটটি যে কাউন্টিতে অবস্থিত

যদি আপনি অনুমোদন পান, তাহলে NYC DSS আপনাকে একটি নোটিশ পাঠাবে যেখানে ব্যাখ্যা করা থাকবে যে আপনি প্রতি মাসে কত পেমেন্ট করবেন এবং NYC DSS প্রতি মাসে কত পেমেন্ট করবে।

### আমি কতদিনের জন্য CityFHEPS পেতে পারি?

CityFHEPS প্রতি বছর নবায়ন করা হয়। আপনার লিজ নবায়নের সময় হওয়ার পাঁচ মাস আগে, আপনি একটি আবেদনপত্র পাবেন যেখানে কোন তারিখের মধ্যে নবায়ন করতে হবে তা উল্লেখ করা থাকবে।

CityFHEPS 5 বছর পর্যন্ত এবং কিছু ক্ষেত্রে তার বেশি সময় ধরে চলতে পারে: যতক্ষণ পর্যন্ত আপনি এবং আপনার বাড়িওয়ালা যোগ্যতার প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে থাকবেন।

### আমার আরও প্রশ্ন আছে, আমি কার সাথে কথা বলতে পারি?

আরও সহায়তার জন্য, সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকাল 5টা পর্যন্ত (929) 470-3052 নম্বরে NYC গৃহহীনতা পরিষেবা বিভাগের (Department of Homelessness Services, DHS) রিহাউসিং কাস্টমার সার্ভিসে (Rehousing Customer Service) কল সেন্টারে কল করুন।

